

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ৩০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৬ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/৩০ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৮৩.১৮.১৮৬ — গণতন্ত্র, নারীর ক্ষমতায়ন, দারিদ্র্যবিমোচন ও আর্থসামাজিক উন্নয়নের মাধ্যমে জনগণের জীবনমান উন্নীতকরণে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশের জাতীয় কবির স্মৃতিধন্য ভারতের পশ্চিমবঙ্গের আসানসোলের কাজী নজরুল বিশ্ববিদ্যালয় গত ২৬ মে ২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সম্মানসূচক ‘ডেস্টার অব লিটারেচার (ডি-লিট)’ ডিগ্রি প্রদান করে।

২। কাজী নজরুল বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্মানসূচক ডি-লিট ডিগ্রিতে ভূষিত হওয়ার মাধ্যমে বিশেষ বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল ও উন্নতিসিত করায় মাননীয় প্রধানমন্ত্রীকে উৎস অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৪ জ্যৈষ্ঠ ১৪২৫/২৮ মে ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম

মন্ত্রিপরিষদ সচিব

(৬১২৭)
মূল্য : টাকা ৪০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

১৪ বৈশাখ ১৪২৫
ঢাকা: $\frac{১৪ বৈশাখ ১৪২৫}{২৮ মে ২০১৮}$

গণতন্ত্র, নারীর ক্ষমতায়ন, দারিদ্র্যবিমোচন ও আর্থসামাজিক উন্নয়নের মাধ্যমে জনগণের জীবনমান উন্নীতকরণে অসামান্য অবদানের স্মৃতিস্মরণীয় কবির স্মৃতিধন্য ভারতের পশ্চিমবঙ্গের আসানসোলের কাজী নজরুল বিশ্ববিদ্যালয় গত ২৬ মে ২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সম্মানসূচক ‘ডেষ্ট্র অব লিটারেচার (ডি-লিট)’ ডিগ্রি প্রদান করে। বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শ্রী সাধন চক্রবর্তী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডি-লিট ডিগ্রিতে ভূষিত করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার দায়িত্ব গ্রহণের পর থেকে জনগণের জীবনমান উন্নয়ন, নারী শিক্ষা উন্নয়ন ও নারীর ক্ষমতায়নে যুগোপযোগী কার্যকর পদক্ষেপ গ্রহণ করছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল, প্রাঞ্জলি ও সুদক্ষ নেতৃত্বের ফলে বিভিন্ন আর্থসামাজিক সূচক বৃদ্ধির মাধ্যমে বিশ্বে বাংলাদেশ উন্নয়নশীল দেশ হিসাবে উত্তরণের যোগ্যতা অর্জনে সক্ষম হয়েছে।

মন্ত্রিসভা মনে করে যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ধারাবাহিক আন্তর্জাতিক সম্মাননা অর্জনের মাধ্যমে বৈশ্বিক পরিম্পত্তিলে বাংলাদেশের অবস্থান সুসংহত হচ্ছে। ভারতের পশ্চিমবঙ্গের আসানসোলের কাজী নজরুল বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্মানসূচক ডি-লিট ডিগ্রিতে ভূষিত হওয়ার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল ও উন্নতিসূচিত করায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রীকে উষ্ণ অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করছে।